দৈনিক জনকণ্ঠ

22 OCT 2016

# ছাত্রছাত্রীদের জন্য নিরাপদ ইন্টারনেট ॥ সমঝোতা সই

স্টাফ রিপোর্টার ॥ ছাত্রছাত্রী ও শিশুদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহারে সচেতনতা সৃষ্টিতে যৌথভাবে কাজ করবে ইউনিসেফ ও তথ্যপ্রযুক্তি বিভাগ। বৃহস্পতিবার এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক সই হয়েছে। অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে হারুনুর রশিদ, অতিরিক্ত সচিব ও ইউনিসেফ বাংলাদেশের পক্ষে এডওয়ার্ড বিগবেদার চুক্তিতে সই করেন। অনুষ্ঠানে সরকারের পক্ষে মূল বাস্তবায়নকারী সংস্থা হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদফতরের ডিজি বনমালী ভৌমিক বিশেষ অতিথি ছিলেন।